আজ শুক্রবার
১৯ জুন ২০২৬
৫ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ
৩ মহররম ১৪৪৮ হিজরি

সংবাদের সাথে প্রতিমুহূর্ত

# দৈনিক আমার বার্তা



**খেলাধুলা**
মেসিকে কার্ড না দেয়ায় ক্ষোভে ফুঁসছেন দক্ষিণ আফ্রিকার কোচ
পৃষ্ঠা >> ১০

**নগর-মহানগর**
শাহজালাল মাজারের দানের ডেক সিলগালা, বসলো প্রশাসনের দানবাক্স
পৃষ্ঠা >> ৬

**বিশ্ব বার্তা**
ইরান ইস্যুতে পুতিন-জিনপিংকে ধন্যবাদ জানালেন ট্রাম্প
পৃষ্ঠা >> ৫



**বিনোদন**
কুমির দেখলে আমি নিজেই ঝাঁপ দিই: পরীমনি
পৃষ্ঠা >> ১০

■ www.amarbarta.com.bd ■ বর্ষ ১৩ ॥ সংখ্যা ১২১ ■ রেজি. নং ডিএ-৬২৭৬ ■ ১২ পৃষ্ঠা ১০ টাকা




প্রধানমন্ত্রী তারেক রহমান গতকাল ঢাকায় তাঁর কার্যালয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্সের ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে ফটোসেশনে অংশ নেন –পিআইডি

এসএসএফ-এর ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী

# কড়া নিরাপত্তা যেন জনগণ থেকে দূরত্ব তৈরি না করে

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রী তারেক রহমান বলেছেন, সরকার প্রধান হিসেবে জনগণের বিশ্বাস ও ভালোবাসার ওপর আমার সবচেয়ে বেশি নির্ভরতা। তাই নিরাপত্তার ঘেরাটোপ যাতে সরকার প্রধানকে জনগণ থেকে দূরে ঠেলে না দেয়, উন্নত বাহিনী হিসেবে সেদিকে বিশেষভাবে লক্ষ্য রাখার জন্য 'এসএসএফ' প্রতি আহ্বান জানাই।

গতকাল বৃহস্পতিবার তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ)-এর ৪০তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি।

অনুষ্ঠানে এসএসএফ সদস্যদের উদ্দেশ্যে প্রধানমন্ত্রী বলেন, আপনারা অবশ্যই গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নিরাপত্তাকে সর্বোচ্চ প্রাধান্য দেবেন। তবে দায়িত্ব পালন করতে গিয়ে জনগণ যাতে দুর্ব্যবহারের শিকার না হয় সে দিকেও বিশেষভাবে সতর্ক থাকতে হবে।

প্রতিষ্ঠাকালীন এসএসএফ আর বর্তমান সময়ের এসএসএফ এর মধ্যে অনেক পার্থক্য রয়েছে উল্লেখ করে তারেক রহমান বলেন, বর্তমানে আর্থ-সামাজিক, রাজনৈতিক অবস্থা, ভূ-রাজনৈতিক পরিস্থিতি এবং তথ্যপ্রযুক্তির অবাধ বিকাশের ফলে বহুমাত্রিক নিরাপত্তা চ্যালেঞ্জ তৈরি হয়েছে। এইসব চ্যালেঞ্জ মোকাবেলায় আধুনিক ও যুগোপযোগী

● পৃষ্ঠা-১১ কলাম ১

## রোহিঙ্গাদের জন্য আরো ১৪ মিলিয়ন ইউরো সহায়তা দিচ্ছে ইইউ

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশে আশ্রয় নেওয়া ১২ লাখের বেশি রোহিঙ্গা শরণার্থী এবং স্থানীয় জনগোষ্ঠীর জীবনযাত্রার মান উন্নয়ন ও সুরক্ষায় নতুন করে ১৪ মিলিয়ন ইউরো (প্রায় ১ কোটি ৪০ লাখ ডলার) অনুদান দেওয়ার ঘোষণা দিয়েছে ইউরোপীয় ইউনিয়ন (ইইউ)।

জাতিসংঘের শরণার্থীবিষয়ক সংস্থার (ইউএনএইচসিআর) সঙ্গে অংশীদারত্বের ভিত্তিতে এই উন্নয়ন তহবিল দেয়া হচ্ছে। গতকাল বৃহস্পতিবার ইউএনএইচসিআর

● পৃষ্ঠা-১১ কলাম ১

# চ্যালেঞ্জ মোকাবিলায় সর্বোচ্চ প্রস্তুতির নির্দেশ সেনাপ্রধানের

নিজস্ব প্রতিবেদক

সেনাবাহিনীর ওপর অর্পিত দায়িত্ব পালনে নবীন কর্মকর্তাদের সততা, সত্যবাদিতা ও কঠোর পরিশ্রমের মাধ্যমে নেতৃত্বের সর্বোচ্চ গুণাবলী অর্জনের নির্দেশনা দেওয়া হয়েছে। যেকোনো চ্যালেঞ্জ মোকাবেলায় সামরিক চেতনা ও মূল্যবোধ সমুন্নত রেখে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে দেশপ্রেমকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়ার আহ্বান জানানো হয়েছে। পেশাদারত্বের সঙ্গে সাহসিকতা বজায় রেখে প্রতিনিয়ত নিজেদের সক্ষমতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়েছে। বাংলাদেশ মিলিটারি একাডেমিতে (বিএমএ)

● পৃষ্ঠা-১১ কলাম ৫



বিএমএতে ক্যাডেটদের কমিশন প্রাপ্তি উপলক্ষে আয়োজিত রাষ্ট্রপতি কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তব্য রাখেন সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান –আমার বার্তা

## এমপিরা ধর্মীয় রীতি অনুযায়ী সংসদে সম্মান জানাতে পারবেন –স্পিকার

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদের সদস্যরা নিজ নিজ ধর্মীয় রীতি অনুযায়ী স্পিকারের চেয়ারের প্রতি সম্মান প্রদর্শন করবেন বলে সিদ্ধান্ত জানিয়েছেন স্পিকার হাফিজ উদ্দিন আহমদ। গতকাল বৃহস্পতিবার জাতীয় সংসদের বৈঠকের শুরুতে তিনি এ-সংক্রান্ত সিদ্ধান্ত ঘোষণা করেন।

এর আগে, গত মঙ্গলবার (১৬ জুন) জামায়াতে ইসলামীর সংসদ সদস্য মুজিবুর রহমান সংসদকক্ষে মাথা

● পৃষ্ঠা-১১ কলাম ২

প্রেস ব্রিফিং-এ জাতিসংঘ মহাসচিব

## সংলাপের মাধ্যমে বাংলাদেশ ভারতের পুশ ইন সমস্যা সমাধান করা উচিত

আমার বার্তা ডেস্ক

বাংলাদেশ ও ভারতের মধ্যকার সীমান্তে পুশ ইন সমস্যা সংলাপের মাধ্যমে সমাধান করা উচিত বলে মন্তব্য করেছেন জাতিসংঘের মহাসচিবের মুখপাত্র স্টিফেন ডুজারিক। নিউইয়র্কে স্থানীয় সময় গত বুধবার নিয়মিত প্রেস ব্রিফিংয়ে তিনি এসব কথা বলেন।

প্রেস ব্রিফিংয়ে স্টিফেন ডুজারিকের কাছে জানতে চাওয়া হয়, বাংলাদেশ-ভারত সীমান্ত প্রসঙ্গে আবারও বলছি, আন্তর্জাতিক মনোযোগ এখন যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা, লেবানন, দক্ষিণ সুদান

● পৃষ্ঠা-১১ কলাম ২

প্রাথমিকের শিশুদের স্বর্ণ কাপ ফুটবলের ফাইনাল ২০ জুন

পৃষ্ঠা >> ১১

দিল্লিতে ইসরায়েলি রাষ্ট্রদূতের দাবি

## বাংলাদেশ ও পাকিস্তানে হামাস তৎপরতা রয়েছে

আমার বার্তা ডেস্ক

ফিলিস্তিনি স্বাধীনতাকামী সশস্ত্র গোষ্ঠী হামাসের কার্যক্রম বাংলাদেশ ও পাকিস্তানে চলছে বলে দাবি করেছেন ভারতে নিযুক্ত ইসরায়েলি রাষ্ট্রদূত রিউভেন আজার। একই সঙ্গে ২০২৩ সালের ৭ অক্টোবর ইসরায়েলে ফিলিস্তিনি গোষ্ঠীটির হামলার পর থেকে পাকিস্তান ও বাংলাদেশে হামাসের সম্ভাব্য কার্যক্রম ইসরায়েল পর্যবেক্ষণ করছে বলেও জানিয়েছেন তিনি। গত বুধবার ভারতীয় সংবাদমাধ্যম

● পৃষ্ঠা-১১ কলাম ২

## লটারিভিত্তিক ভর্তি পদ্ধতি বাতিল করে মাধ্যমিকে ফিরছে ভর্তি পরীক্ষা

এসএসসির ফলাফল প্রকাশ ২০ জুলাই

নিজস্ব প্রতিবেদক

আগামী শিক্ষাবর্ষ থেকে মাধ্যমিক স্তরের ভর্তি কার্যক্রমে বড় পরিবর্তন আনছে সরকার। লটারিভিত্তিক ভর্তি পদ্ধতি বাতিল করে নতুন ব্যবস্থায় ক্যাচমেন্ট এরিয়া ও পরীক্ষার সমন্বয়ে শিক্ষার্থী ভর্তি করা হবে। তবে এ ক্ষেত্রে কেন্দ্রীয়ভাবে কোনও ভর্তি পরীক্ষা নেওয়া হবে না বলে জানিয়েছেন শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন। গতকাল বৃহস্পতিবার সচিবালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এ কথা জানান।

মন্ত্রী বলেন, ভর্তি পরীক্ষা নেওয়া হবে, তবে তা কেন্দ্রীয়ভাবে একক কোনও ব্যবস্থায় নয়। ক্যাচমেন্ট এরিয়া বিবেচনায় নিয়ে স্থানীয় পর্যায়ে ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। ফলে সব জায়গায় একই ধরনের পরীক্ষা পদ্ধতি অনুসরণ করা হবে না। তিনি আরও জানান, আগে

● পৃষ্ঠা-১১ কলাম ২



## প্রস্তাবিত বাজেট বাংলাদেশকে নতুন উচ্চতায় নেবে –আইনমন্ত্রী

নিজস্ব প্রতিবেদক

আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী মো. আসাদুজ্জামান বলেছেন, ২০২৬-২৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত ৯ লাখ ৩৮ হাজার কোটি টাকার বাজেট একটি স্বপ্নবিলাসী ও উচ্চাভিলাষী বাজেট, যা বাংলাদেশকে নতুন উচ্চতায় নিয়ে যাবে এবং একটি স্বনির্ভর রাষ্ট্র গঠনের পথ সুগম করবে।

গতকাল বৃহস্পতিবার ত্রয়োদশ 'জাতীয় সংসদের দ্বিতীয় ও প্রথম বাজেট অধিবেশনের দশম দিন ২০২৬-২৭ অর্থবছরের প্রস্তাবিত

● পৃষ্ঠা-১১ কলাম ২

# পদ্মা সেতুর পিলারের পাশে মাটি কাটা ঝুঁকিপূর্ণ নয় –সড়ক পরিবহনমন্ত্রী




গতকাল সচিবালয়ে গণমাধ্যম কেন্দ্রে বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম আয়োজিত 'বিএসআরএফ সংলাপ'-এ বক্তব্য রাখেন নৌপরিবহন ও রেলপথ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম –আমার বার্তা

নিজস্ব প্রতিবেদক

পদ্মা সেতুর পিলারের পাশ থেকে মাটি কাটার বিষয়টি নিয়ে জনমনে তৈরি হওয়া উদ্বেগকে 'ভুল ধারণা' বলে মন্তব্য করেছেন সড়ক পরিবহন ও সেতু, নৌপরিবহন ও রেলপথ মন্ত্রণালয়ের মন্ত্রী শেখ রবিউল আলম।

তিনি বলেছেন, সেতুর পিলারের পাশে যে মাটি সরানো হচ্ছে, সেটি মূল কাঠামোর অংশ নয়; বরং নির্মাণকাজের সময় সাময়িকভাবে ভরাট করা আর্টিফিশিয়াল মাটি, যা চুক্তি অনুযায়ী ঠিকাদারের আগেই অপসারণ করার কথা ছিল। গতকাল বৃহস্পতিবার বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম (বিএসআরএফ)

● পৃষ্ঠা-১১ কলাম ৩

## এমপিরা ঋণখেলাপি নন, হয়তো কেউ ঋণগ্রস্ত –সংসদে স্বরাষ্ট্রমন্ত্রী

কড়া জবাব রুমিনের

নিজস্ব প্রতিবেদক

জাতীয় সংসদে সংসদ সদস্যদের (এমপি) 'ঋণখেলাপি' বলা নিয়ে সরকারি ও বিরোধী দলের মধ্যে উত্তপ্ত বিতর্ক হয়েছে। স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ দাবি করেছেন, আইনিভাবে বর্তমান সংসদের কোনো এমপি 'ঋণখেলাপি' নন, তারা বড়জোর 'ঋণগ্রস্ত' হতে পারেন।


স্বরাষ্ট্রমন্ত্রীর এই দাবির কড়া জবাব দিয়েছেন স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা।

● পৃষ্ঠা-১১ কলাম ৪

সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানত ইতিহাসে দ্বিতীয় সর্বোচ্চ

# এক বছরে বাংলাদেশিদের অর্থ বেড়েছে ৪১ শতাংশ

নিজস্ব প্রতিবেদক




সুইজারল্যান্ডের ব্যাংকগুলোতে বাংলাদেশি নাগরিক ও ব্যাংকগুলোর জমা রাখা অর্থের পরিমাণ বা আমানত ২০২৫ সালের তুলনায় ৪১ শতাংশ বেড়েছে। গতকাল বৃহস্পতিবার সুইজারল্যান্ডের কেন্দ্রীয় ব্যাংক 'সুইস ন্যাশনাল ব্যাংক'-এর প্রকাশিত বার্ষিক প্রতিবেদন থেকে এই তথ্য জানা গেছে।

প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সাল শেষে সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানতের পরিমাণ দাঁড়িয়েছে ৮৩ কোটি ৪২ লাখ সুইস ফ্রাঁ (সিএইচএফ), যা বাংলাদেশি মুদ্রায় প্রায় ১২ হাজার ৭৬৩ কোটি টাকা। এটি ইতিহাসে সুইস ব্যাংকে বাংলাদেশিদের আমানতের দ্বিতীয় সর্বোচ্চ রেকর্ড। এর আগে ২০২১ সালে সর্বোচ্চ ৮৭ কোটি ১১ লাখ সুইস ফ্রাঁ আমানত ছিল।

সুইস ন্যাশনাল ব্যাংকের পরিসংখ্যান বিশ্লেষণ করে দেখা যায়, সুইস ব্যাংকে সামগ্রিক আমানত বৃদ্ধির মূল কারণ বাংলাদেশি ব্যাংকগুলোর জমা অর্থের বড় উল্লম্ফন। ২০২৪ সালে যেখানে বাংলাদেশি ব্যাংকগুলোর জমার পরিমাণ ছিল ৫৭ কোটি ৬৬ লাখ ফ্রাঁ, ২০২৫ সাল শেষে তা ৪৩ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে

● পৃষ্ঠা-১১ কলাম ৫

## চতুর্থ ও ষষ্ঠ শ্রেণিতে চালু হচ্ছে দুটি করে নতুন বিষয় –মাহদী আমিন

নিজস্ব প্রতিবেদক

আগামী শিক্ষাবর্ষ থেকে চতুর্থ ও ষষ্ঠ শ্রেণিতে দুটি করে নতুন বিষয় চালু করার পরিকল্পনা নেওয়া হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর শিক্ষা উপদেষ্টা মাহদী আমিন। তিনি বলেন, আগামী শিক্ষাবর্ষ থেকে প্রাথমিক স্তরের চতুর্থ শ্রেণিতে 'স্পোর্টস' এবং 'কালচার' নামে দুটি নতুন বিষয় অন্তর্ভুক্ত করার পরিকল্পনা রয়েছে। একই সঙ্গে ষষ্ঠ শ্রেণি থেকে 'লার্নিং

● পৃষ্ঠা-১১ কলাম ৩

প্রস্তুত অভিযোগপত্র, যেকোনো সময় জমা

## রিজার্ভ চুরিতে অভিযুক্ত ১০ বাংলাদেশিকে গ্রেপ্তারের প্রস্তুতি সিআইডির

নিজস্ব প্রতিবেদক

বাংলাদেশ ব্যাংকের রিজার্ভ চুরি মামলায় খসড়া অভিযোগপত্রে নাম থাকা বাংলাদেশি ১০ ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরবর্তী আইনি পদক্ষেপ নেওয়ার প্রস্তুতি নিচ্ছে পুলিশের অপরাধ তদন্ত বিভাগ (সিআইডি)। তদন্ত শেষে অভিযোগপত্র দিতে যাচ্ছে সংস্থাটি। অভিযোগপত্রে সাবেক গভর্নর ড. আতিউর রহমানসহ বাংলাদেশ ব্যাংকের ৯ কর্মকর্তার সংশ্লিষ্টতার তথ্য উঠে এসেছে বলে জানা গেছে। অভিযোগপত্র জমা দেওয়ার পর বাংলাদেশের যাদের নাম এসেছে তাদের গ্রেপ্তার করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেবে সিআইডি।

গতকাল বৃহস্পতিবার বাংলাদেশের রিজার্ভ চুরির মামলার অভিযোগপত্রের বিষয়ে সিআইডির প্রধান অতিরিক্ত আইজিপি আলী আকবর খান ঢাকা পোস্টকে বলেন, এই মামলার তদন্ত আসলে অন্যান্য মামলার মতোর তদন্তের মতোই চলমান। এটা একটা দীর্ঘমেয়াদি

● পৃষ্ঠা-১১ কলাম ৩

ইরান-যুক্তরাষ্ট্র চুক্তি

## বিশ্ববাজারে আরো কমলো তেলের দাম

আমার বার্তা ডেস্ক

ইরান ও যুক্তরাষ্ট্রের মধ্যে চুক্তি হওয়ার পর গতকাল বৃহস্পতিবার (১৮ জুন) আন্তর্জাতিক তেলের বাজারে আবারও বড় ধরনের মূল্যপতন দেখা গেছে। এদিন সকালে ওয়েস্ট টেক্সাস ইন্টারমিডিয়েটের অপরিশোধিত তেলের দাম ২.৬ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৭৪.৮১ ডলারে নেমে আসে। আর ব্রেন্ট নর্থ সি ক্রুডের দাম ২.৪ শতাংশ কমে ব্যারেলপ্রতি ৭৭.৬৬ ডলারে দাঁড়ায়।

গতকাল বৃহস্পতিবার নিউইয়র্কের

● পৃষ্ঠা-১১ কলাম ৪

# মানবিক সহায়তা-শান্তি প্রতিষ্ঠায় নারী নেতৃত্ব বৃদ্ধির আহ্বান বাংলাদেশের

নিজস্ব প্রতিবেদক

বিশ্বব্যাপী মানবিক সংকট ক্রমশ গভীরতর হওয়ার প্রেক্ষাপটে মানবিক সহায়তা জোরদার, বেসামরিক জনগণের সুরক্ষা নিশ্চিতকরণ এবং শান্তি প্রতিষ্ঠার কার্যক্রমে নারীদের অংশগ্রহণ আরও বৃদ্ধি করার আহ্বান জানিয়েছে বাংলাদেশ।

জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের (ইকোসক) ২০২৬ সালের হিউম্যানিটারিয়ান অ্যাফেয়ার্স সেগমেন্টে বক্তব্য প্রদানকালে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম মানবিক নীতি ও মূল্যবোধের প্রতি বাংলাদেশের অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বে

● পৃষ্ঠা-১১ কলাম ৪




পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম বুধবার নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে অনুষ্ঠিত ২০২৬ সালের ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিল এর মানবিক বিষয়ক অধিবেশনে বক্তব্য দেন –আমার বার্তা

## একদিনে হাম সন্দেহে আরো ৫ জনের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

গত ২৪ ঘণ্টায় সারাদেশে সন্দেহজনক হামে পাঁচ জনের মৃত্যু হয়েছে। গতকাল বৃহস্পতিবার স্বাস্থ্য অধিদপ্তরের কন্ট্রোলরুম থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এতথ্য জানানো হয়। এতে বলা হয়, গত ২৪ ঘণ্টায় সন্দেহজনক হামরোগীর সংখ্যা এক হাজার নয় জন এবং গত ১৫ মার্চ থেকে ১৮ জুন পর্যন্ত সন্দেহজনক হামরোগীর সংখ্যা ৮৯ হাজার ৮০৪ জন। গত ২৪ ঘণ্টায় নিশ্চিত হামরোগীর সংখ্যা ১৩৯ জন, গত ১৫ মার্চ থেকে ১৮ জুন পর্যন্ত নিশ্চিত হামরোগীর সংখ্যা ১০

● পৃষ্ঠা-১১ কলাম ৪

নামাজের সময়সূচি

শুক্রবার ১৯ জুন ২০২৬

| নামাজ | ওয়াক্ত শুরু |
|---|---|
| ফজর | ০৩:৪৪ |
| জুমা | ১২:০২ |
| আসর | ০৪:৩৯ |
| মাগরিব | ০৬:৫০ |
| এশা | ০৮:১৫ |

| আজ সূর্যাস্ত | কাল সূর্যোদয় |
|---|---|
| ৬:৪৪ | ৫:১১ |



কৃষিমন্ত্রী মোহাম্মদ আমিন উর রশিদ গতকাল ঢাকায় ফার্মগেটে কেআইবি চত্বরে জাতীয় ফল মেলা ২০২৬-এর উদ্বোধন শেষে বিভিন্ন স্টল পরিদর্শন করেন –আমার বার্তা

## রাজধানীতে শুরু তিন দিনব্যাপী জাতীয় ফল মেলা

নিজস্ব প্রতিবেদক

'করব মোরা ফল চাষ, সংরক্ষণ করব বারো মাস'- এই প্রতিপাদ্যকে সামনে রেখে রাজধানী ঢাকার খামারবাড়িস্থ কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি) চত্বরে শুরু হয়েছে তিন দিনব্যাপী 'জাতীয় ফল মেলা-২০২৬'।

গতকাল বৃহস্পতিবার সকালে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে জাতীয় ফল মেলা-২০২৬'র

● পৃষ্ঠা-১১ কলাম ৪

## পদ্মায় ডুবে যাওয়া সেই বাসের ফিটনেসসহ সব কাগজই ছিল মেয়াদোত্তীর্ণ

নিজস্ব প্রতিবেদক



রাজবাড়ীর দৌলতদিয়া ফেরিঘাট থেকে পদ্মা নদীতে ডুবে যাওয়া 'এসবি সুপার ডিলাক্স' পরিবহনের বাসটির ফিটনেস সনদ, ট্যাক্স টোকেন এবং রুট পারমিট সবগুলোরই মেয়াদ শেষ হয়ে গিয়েছিল। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) রাজবাড়ী সার্কেলের সহকারী পরিচালক মুহাম্মদ অহিদুর রহমান এ তথ্য জানান। বিআরটিএ সূত্র জানায়, বাসটি গত ৫ জুন দৌলতদিয়া ৭ নম্বর ফেরিঘাটের পন্টুন থেকে

● পৃষ্ঠা-১১ কলাম ৪

আত্মহত্যায় প্ররোচনার অভিযোগের মামলা

## কারাগারে অভিনেতা জাহের আলভী

নিজস্ব প্রতিবেদক

স্ত্রী আফরা ইবনাত ইকরা আত্মহত্যার প্ররোচনায় অভিযোগে করা মামলায় ছোট পর্দার জনপ্রিয় অভিনেতা জাহের আলভী ওরফে মো. নিয়ামত উল্লাহ ভূঁইয়ার জামিনের আবেদন নামঞ্জুর করে কারাগারে পাঠানোর আদেশ দিয়েছেন আদালত। গতকাল বৃহস্পতিবার দুপুরে শুনানি শেষে ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট কামাল উদ্দিনের আদালতে

● পৃষ্ঠা-১১ কলাম ৪